ঢাকা ওয়াসা

Name of the Work: Site development behind of Pagla Tinshed Staff Quarters Compound under Store Division, Dhaka WASA (Lot-2).

অনুচ্ছেদ ১.০

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। পাগলাস্থ ভাণ্ডার বিভাগ ঢাকা ওয়াসার একটি গুরুত্বপূর্ণ স্থাপনা। ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্‌স জোন, রাজস্ব জোন ও অফিসের সংগ্রহকৃত মালামাল ভাণ্ডার বিভাগে জমা প্রদান করা হয়। পরবর্তীতে ভাণ্ডার বিভাগ কর্তৃক উক্ত মালামালসমূহ মজুদ, সংরক্ষণ ও বিতরণ করা হয়ে থাকে। উক্ত মূল্যবান মালামালসমূহ বিভিন্ন সময় ঢাকা ওয়াসার বিভিন্ন প্রকল্প, বিভাগ, মড্‌স জোন, রাজস্ব জোন ও অফিসের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ ও পরামর্শক প্রতিষ্ঠানের দেশি/বিদেশি কর্মকর্তাবৃন্দ পরিদর্শন করে থাকেন। এছাড়াও বিভিন্ন বিভাগ/প্রকল্প কর্তৃক ব্যবহৃত পুরাতন ও নষ্ট এবং ব্যবহার অনুপযোগী মালামালগুলো এম.আর.এস এর মাধ্যমে ভাণ্ডার বিভাগে জমা করা হয়। ঢাকা ওয়াসার ভাণ্ডার বিভাগ সংলগ্ন পাগলাস্থ টিনশেড স্টাফ কোয়ার্টার্সে মোট ০৮(আট) টি ফ্লাট রয়েছে। উক্ত কোয়ার্টার্স সমূহ ভাণ্ডার বিভাগ, পাগলা পয়ঃ শোধনাগার বিভাগ ও ঢাকা ওয়াসার অন্যান্য বিভাগে কর্মচারীদের বসবাসের জন্য কোয়ার্টার্সগুলো খুবই গুরুত্বপূর্ণ। পাগলাস্থ টিনশেড স্টাফ কোয়ার্টার্স এর পিছোনের ফাঁকা জায়গা অপেক্ষাকৃত নিচু হওয়ায় অল্প বৃষ্টিতেই পানি জমে থাকে। ফলে জমাকৃত পানিতে মশার লার্ভা জন্ম নেয় এবং আশে-পাশে মশার উপদ্রব ছড়িয়ে পরিবেশ বিনষ্ট হয়। উক্ত নিচু জায়গায় বালু ভরাট করা হলে পানি জমবে না বিধায় মশার প্রজনন হওয়ার সুযোগ থাকবে না। তৎপ্রেক্ষিতে পাগলাস্থ টিনশেড স্টাফ কোয়ার্টার্সে এর পিছোনের নিচু জায়গায় বালু ভরাট করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১

উপরোক্ত বর্ণনার আলোকে "Site development behind of Pagla Tinshed Staff Quarters Compound under Store Division, Dhaka WASA (Lot-2)" শীর্ষক কাজের জন্য পিডব্লিউডি-২০২২ (রিভাইজড) দরের ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৪) প্রস্তুত করা হয়েছে। যার মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৪৭,১২০.০০ (সাতচল্লিশ হাজার একশত বিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটি অত্র বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-৫৭ এবং প্যাকেজ নং. বি.১১.১৮ (থোক বরাদ্দ) এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তি-১)। কাজটির ব্যয়ভার ভাণ্ডার বিভাগের চলতি ২০২৫-২৬ অর্থ বছরের বাজেট বরাদ্দের "আবাসিক দালান রক্ষণাবেক্ষণ" খাত (কোড: ০১-০০০৬) হতে নির্বাহ করা হবে।

অনুচ্ছেদ ১.২

আলোচ্য কাজটি অতি জরুরি ও স্বল্পমূল্যের বিধায় পিপিআর-২০২৫ এর ৯৯ নং বিধির ১(ড) উপ-বিধি মোতাবেক সরাসরি চুক্তির মাধ্যমে মেসার্স এস এম কনস্ট্রাকশন কোম্পানী এর মাধ্যমে সম্পাদন করা যেতে পারে। উক্ত ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, Store Division, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, Store Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

সংযুক্তি-১	ভাণ্ডার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
সংযুক্তি-২	প্রস্তাবিত ঠিকাদারের (ট্রেড লাইসেন্স, ভ্যাট, ট্যাক্স, এনআইডি ইত্যাদি) প্রয়োজনীয় কাগজপত্রাদির কপি।
সংযুক্তি-৩	ভাণ্ডার বিভাগের লে-আউট প্লান।
সংযুক্তি-৪	ক্যালকুলেশন শীট।
সংযুক্তি-৫	প্রাক্কলন।
সংযুক্তি-৬	প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.৩

এমতাবস্থায়, "Site development behind of Pagla Tinshed Staff Quarters Compound under Store Division, Dhaka WASA (Lot-2)" শীর্ষক কাজটি পিপিআর-২০২৫ এর ৯৯ নং বিধির ১(ড) উপ-বিধি মোতাবেক সরাসরি চুক্তির মাধ্যমে মেসার্স এস এম কনস্ট্রাকশন কোম্পানী এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে সর্বমোট ৪৭,১২০.০০ (সাতচল্লিশ হাজার একশত বিশ) টাকা মাত্র প্রাক্কলনটি অনুমোদনের জন্য সদয় উপস্থাপন করা হ'ল। Sub-Delegation of Financial Power অনুযায়ী বর্ণিত কাজের অনুমোদনকারী হলেন প্রধান প্রকৌশলী মহোদয়।

08/3/26

MD. RAIHAN ALI
Sub-Assistant Engineer
Store Division, Dhaka WASA.

08/03/26

PAUL SARKER
Assistant Engineer
Store Division, Dhaka WASA

08.03.26

মোঃ আব্দুল হান্নান
নির্বাহী প্রকৌশলী
ভান্ডার বিভাগ, ঢাকা ওয়াসা।

08/3/26

SE, SMWE Circle

মোহাম্মদ হুমায়ুন কবীর
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দাঃ)
এস.এম.ডব্লিউ.সি সার্কেল
ঢাকা ওয়াসা।

১.৪। প্রস্তাব অনুমোদিত।

C/E

SE, SMWC Cir

11/03/2026

শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।